রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, মে ১৯, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কৃষি মন্ত্রণালয়**
**উপকরণ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ বৈশাখ ১৪২৬/২৩ এপ্রিল ২০১৯

**নং ১২.০০.০০০০.০২৬.৪০.০৩০.১৭.১১১**—সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে ২৮ মার্চ ২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় সার প্রমিতকরণ কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে কৃম/উপ-২/সার-১/২০০৮/১৫৬ সংখ্যক প্রজ্ঞাপন; তারিখ ০২-০৪-২০০৮ এবং ১২.০২৬.০৪০.০০.০০.০০৪.২০১০-৫০ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপন তারিখ ১৪-০৩-২০১২ এ উল্লিখিত সারের উপাদান ও পরিমাণের বিনির্দেশ যথাযথ অনুসরণ করার শর্তে "Tiger Adhunik Jaiba Sar" নামীয় জৈব সারটির আবেদনকারী প্রতিষ্ঠান : রাকিব এগ্রোক্যামিক্যালস, বিসিক শিল্প নগরী, প্লট নং-৫ ও ৬, গোবন্দ নগর, ঠাকুরগাঁও এর অনুকূলে জৈব সার উৎপাদন এবং রেজিস্ট্রেশন প্রদানের জন্য নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে এর দ্বারা অনুমোদন প্রদান করা হইল :

শর্তাবলী :

(ক) সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১৩(১) এবং সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী সারের বস্তার গায়ে লেবেল লাগাইতে হইবে।

(খ) লেবেলে নিম্নেবর্ণিত তথ্যাদি স্পষ্টাক্ষরে ও সহজে দৃশ্যমানভাবে বাংলা বা ইংরেজিতে লিখিতে হইবে, যথা :—

(i) সারের নাম (ব্রান্ড নাম যদি থাকে উহাও উল্লেখ করিতে হইবে);

(ii) সারের বিদ্যমান আবশ্যকীয় উদ্ভিদ পুষ্টি উপাদানের নাম এবং উহার শতকরা হার;


মূল্য : টাকা ৪.০০

(iii) সারের নীট ওজন;

(iv) প্রস্তুতকারকের নাম, ঠিকানা, নিবন্ধন নম্বর ও যে দেশে প্রস্তুত সেই দেশের নাম;

(v) নিশ্চায়তা বিশ্লেষণ (Guaranteed Analysis);

(vi) উৎপাদনের তারিখ; এবং

(vii) সর্বোচ্চ খুচরা মূল্য (MRP)।"

(গ) কৃম/উপ-২/সার-১/২০০৮/১৫৬ সংখ্যক প্রজ্ঞাপন তারিখ ০২-০৪-২০০৮ এবং নং-১২.০২৬.০৪০.০০.০০.০০৪.২০১০-৫০ সংখ্যক সংশোধিত প্রজ্ঞাপন তারিখ ১৪-০৩-২০১২ মোতাবেক জারীকৃত বর্ণিত জৈব সারের সরকার অনুমোদিত বিনির্দেশ উল্লেখ থাকিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আ.ফ.ম. আলমগীর কবীর**
সহকারী সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd